



নং-২৭.২৭.২৬৬৬.১০১.০৫.০২৮.১৯-৩০৭

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ আদেশ

ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড-এ সরাসরি নিয়োগ প্রদানের লক্ষ্যে গঠিত সিলেকশন কমিটির সুপারিশ ০৮/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত ইজিসিবি বোর্ডের ২/২০২১-তম সভায় অনুমোদনের প্রেক্ষিতে ইজিসিবি-এ সিকিউরিটি অফিসার পদে নিম্নোক্ত প্রার্থীকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	রোল নং	বর্তমান ঠিকানা	পদস্থকৃত দপ্তর
১	২	৩	৪	৫
১.	জনাব শফিকুর রহমান পিতা-খোরশেদ কবীর গ্রামঃ বাউসী মধ্যপাড়া, ডাকঘরঃ বাউসী বাঙ্গালী উপজেলাঃ সরিষাবাড়ী, জেলাঃ জামালপুর-২০৫২।	১৭০০০০০১	গ্রামঃ বাউসী মধ্যপাড়া, ডাকঘরঃ বাউসী বাঙ্গালী উপজেলাঃ সরিষাবাড়ী, জেলাঃ জামালপুর-২০৫২।	সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিপিপি, ইজিসিবি, নারায়ণগঞ্জ।

নিয়োগের শর্তাবলীঃ

- ১। নিয়োগের মেয়াদ : চুক্তি ভিত্তিক এ নিয়োগ প্রাথমিকভাবে ৩(তিন) বছরের জন্য হবে। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে। সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে চাকরির মেয়াদ বৃদ্ধি করা হতে পারে।
- ২। প্রবেশনকাল : ৬ (ছয়) মাস প্রবেশনকাল হিসেবে থাকবে। প্রবেশনকালে সন্তোষজনক পারফরমেন্স, পুলিশ ভেরিফিকেশন এর সন্তোষজনক রিপোর্ট সাপেক্ষে চাকরি confirm করা হবে।
প্রবেশনে থাকাকালীন পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না পাওয়া গেলে বা পারফরমেন্স নির্ধারিত মানের নিম্ন বিবেচিত হলে বা তথ্যগত ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে বা কোন ফৌজদারী মামলায় দণ্ডিত হলে বা পরীক্ষা পাশের সনদ মিথ্যা/ভুল প্রমাণিত হলে কিংবা অফিস শৃঙ্খলার পরিপন্থী কোন কাজে লিপ্ত হলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকেই তার চাকরির অবসান (Termination without any benefits) ঘটানো হবে।
- ৩। বেতন : প্রারম্ভিক মূল বেতন-৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র।
- ৪। ভাতাদি, বোনাস, বার্ষিক বেতন বৃদ্ধি ইত্যাদি : ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭, প্রচলিত বিধি/ নীতিমালা/ প্রভিশন অনুযায়ী।
- ৫। ছুটি নগদায়ন : ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।
- ৬। প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ও গুপ ইন্সুরেন্স : সিপিএফ রুলস, গ্রাচুইটি রুলস এবং গুপ ইন্সুরেন্স এর প্রচলিত নীতিমালা/ প্রভিশন অনুযায়ী।
- ৭। চাকরি থেকে অপসারণ, অব্যাহতি, ইস্তফা : ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।
- ৮। সার্ভিস বেনিফিট : ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭, প্রচলিত বিধি/ নীতিমালা/ প্রভিশন অনুযায়ী।
- ৯। চুক্তি স্বাক্ষর : ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭ এর ৩.২.২ (এম) অনুযায়ী যোগদানের পূর্বে নির্ধারিত ফরমে স্বাক্ষর করে চুক্তি সম্পাদন এবং Fidelity & Secrecy এর Declaration দিতে হবে।


৫.১৫

চলমান পাতা-২

- ১০। চাকরির শর্তাবলী : কোম্পানীর বিধিমালা/ নীতিমালা/ প্রভিশন সংশোধন/ পরিবর্তন/ সংযোজন/ পরিবর্তন/ পরিমার্জনসহ উল্লিখিত চাকরির শর্তাবলী সংশোধন/বিশোধন এর ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সে অনুযায়ী উহা প্রযোজ্য/ কার্যকর হবে।
- ১১। যোগদান : নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা পদস্থিত দপ্তরে উপস্থিত হয়ে দপ্তর প্রধান বরাবর যোগদান পত্র পেশ করবেন। যোগদান পত্র গৃহীত হওয়ার পর তার চাকরি ইজিসিবি এর চাকরি বিধিমালা-২০১৭ সহ প্রদেয় অন্যান্য বিধি/ নীতিমালা/প্রভিশন অনুযায়ী নিয়ন্ত্রিত হবে। প্রার্থী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে থাকলে যোগদানের সময় বর্তমান কর্মস্থল হতে ছাড়পত্র সংগ্রহ করে দাখিল করতে হবে।
- ১২। যোগদানের সময়সীমা : উপরিউক্ত শর্তাবলী সাপেক্ষে আগামী ০১/০৩/২০২১ খ্রি: তারিখ অফিস চলাকালীন প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ যোগদান করবেন। উক্ত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। যোগদানের সময় অঞ্জীকারনামা/সম্মতিপত্রে স্বাক্ষর করে জমা দিতে হবে। অন্যথায় নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদেয় হবে না।

যোগদানের সময় পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত হাসপাতাল/টেস্টিং ল্যাব হতে Dope Test রিপোর্ট, শারিরিক উপযুক্ততার স্বপক্ষে রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট এবং ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি যোগদান পত্রের সাথে জমা দিতে হবে। যোগদানের পর Personal Data Sheet (PDS) ও Nominee Form পূরণ করত: এতদসংক্রান্ত প্রয়োজনীয় কাগজ-পত্র এইচআর বিভাগে ৭(সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে জমা দিতে হবে।

নির্দেশক্রমে,



(মোঃ আবু হেনা ফয়জুল হক)


মহাব্যবস্থাপক, এইচআর (অতি: দায়িত্ব)
কর্পোরেট অফিস, ইজিসিবি, ঢাকা।

নং-২৭.২৭.২৬৬৬.১০১.০৫.০২৮.১৯-৩০৭

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, ইজিসিবি, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, ঢাকা।
- ৩। নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ/পিএন্ডডি/ওএন্ডএম), ইজিসিবি, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী (সকল)/মহাব্যবস্থাপক (সকল), ইজিসিবি।
- ৫। কোম্পানী সচিব/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ উপমহাব্যবস্থাপক (সকল), ইজিসিবি।
- ৬। প্রকল্প পরিচালক, সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, ইজিসিবি, ঢাকা।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), কর্পোরেট অফিস, ইজিসিবি, ঢাকা (ইজিসিবি এর ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৮। ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী (সকল), ইজিসিবি।
- ৯। জনাব
- ১০। অফিস কপি/ ব্যক্তিগত নথি।



(গোবিন্দ কুমার ঘোষ)

উপব্যবস্থাপক (এইচআর)

কর্পোরেট অফিস, ইজিসিবি, ঢাকা।

প্রার্থী কর্তৃক নিয়োগের শর্তাবলীতে সম্মত মর্মে স্বাক্ষর

(.....)